

22 FORMS

## ঢাকা ভার্শিটি পুরোপুরি অচল

মাজহারুল আনোয়ার শিপু ■ বর্তমান পরিস্থিতিতে পুরোপুরি অচল হয়ে পড়েছে দেশের প্রধান বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয়। তড়াবধায়ে সরকার গঠনের পর থেকে সৃষ্ট অচলারহায় গত আড়াই মাসে ক্লাস হয়েছে মাত্র তিন দিন। স্থগিত হয়ে গেছে ৬শ' ৩৩টি পরীক্ষা। এতে প্রায় দু বছর সেশন ছুটির সঙ্গে নতুন করে আরও আট মাসের সেশন ছুটির মধ্যে পড়ছে প্রায় ত্রিশ হাজার শিক্ষার্থী।

গত ১৬ শিক্ষাবর্ষে ৬৭৭ দিন বিশ্ববিদ্যালয় অনির্ধারিতভাবে বন্ধ থাকলেও চলতি শিক্ষাবর্ষে শুরু হওয়ার ছয় মাসের মাথায় বিশ্ববিদ্যালয় ইতোমধ্যে ৫০ দিনের অনির্ধারিত বছর

কবলে পড়েছে। যা প্রতিদিনই বাড়ছে। তবে বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ এই অচলারহা নিরসনে

কার্যকর কোন উদ্যোগই গ্রহণ করছে না। তাদের নীতব ভূমিকায় শিক্ষার্থীদের জীবন থেকে অতিমুদ্যাবান সময় করে যাচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ক্রমেই প্রতিযোগিতার বিশ্ব থেকে পিছিয়ে পড়ছে। সূত্র মতে, নির্ধারিত ছুটি শেষে গত বছরের ২৯ অক্টোবর থেকে চলতি বছরের এই পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস ও পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। এ সময় বিশ্ববিদ্যালয়ের সক্ষম অনুষদ ও ইনস্টিটিউটের প্রায় ৬'শ ৩৩টি পরীক্ষা স্থগিত করতে হয়েছে।

পরীক্ষা নিয়ন্ত্রক অফিস সূত্র জানিয়েছে, কলা ও সামাজিকবিজ্ঞান অনুষদের মোট ২'শ পরীক্ষা স্থগিত করা হয়েছে। এর মধ্যে বিএ/বিএসএস সন্ধান ২০০৫ সেশনের

১'শ ৪৫, এমএ/এমএসএস ২০০৪-০৫ সেশনের ৫৫ পরীক্ষা রয়েছে। বিজ্ঞান, জীববিজ্ঞান ও ফার্মেসি অনুষদের ২'শ ২০ পরীক্ষা স্থগিত করতে হয়েছে। এর মধ্যে এম এস ২০০৩ সেশনের ১,৮তুর্ধ বর্ষ বিএসসি সন্ধান ২০০৪ সেশনের ৮৫, তৃতীয় বর্ষ বিএসসি সন্ধান ২০০৫ সেশনের ৪০ এবং দ্বিতীয় বর্ষ বিএসসি সন্ধান ২০০৫ সেশনের ২৪ পরীক্ষা অন্তর্ভুক্ত। সনাতন পদ্ধতির ১৩ পরীক্ষাও এসময় স্থগিত করতে হয়েছে। সনাতন পদ্ধতিসহ এই পঁচটি অনুষদের মোট ৪'শ ৩৩ পরীক্ষা স্থগিত হয়েছে। প্রচীর অফিস সূত্র জানিয়েছে, এই সময়ে বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ

অনুষদ ও ইনস্টিটিউটেরও মোট ২'শ পরীক্ষা স্থগিত করতে হয়েছে। স ব ম ল ি য় বিশ্ববিদ্যালয়ের ৬'শ

### আড়াই মাসে ক্লাস হয়েছে তিন দিন

৩৩ পরীক্ষা স্থগিত করা হয়েছে। এই সব পরীক্ষা সম্পন্ন করতে নতুন করে আবার সময়সূচী প্রণয়ন করতে হবে। যার জন্য কমপক্ষে ছয় মাস সময় প্রয়োজন।

সূত্র মতে, ১৯৯১-৯২ শিক্ষাবর্ষে সর্বোচ্চ অনির্ধারিত বন্ধ ছিল ৯৪ দিন। এর বিপরীতে ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে সর্বনিম্ন অনির্ধারিত বন্ধ ছিল ১৪ দিন। ২০০৬-০৭ শিক্ষাবর্ষে ইতোমধ্যে বিশ্ববিদ্যালয় ৫১ দিন ধরে অনির্ধারিতভাবে বন্ধ রয়েছে। শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট অনেকের ধারণা এই শিক্ষাবর্ষে বিশ্ববিদ্যালয় সর্বোচ্চ অনির্ধারিত বছর রেকর্ড গড়বে। এর ফলাফল হিসেবে শিক্ষার্থীদের কমপক্ষে তিন বছরের সেশন ছুটির বোঝা মাথায় নিতে হবে।